গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০০০.০৫৭.২৭.০০৪৪.২৫- ৬৭৪

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩২ / ২৬ নভেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আব্দুল হান্নান (বিপি-৮১০৮১২১৫৯৬), উপপুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল ইতঃপূর্বে পুলিশ সুপার, নরসিংদী হিসাবে যোগদানের পূর্বে গত ২০২৩ সালে পুলিশ সুপার হিসাবে জেলায় পদায়ন প্রাপ্তির জন্য তিনি জনাব রবিউল মুন্সীকে ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা প্রদান করেন। কিন্তু গত ০৫-০৮-২০২৪ তারিখ রাজনৈতিক পট পরিবর্তনের কারণে জনাব রবিউল মুন্সী তাকে পুলিশ সুপার হিসাবে পদায়নের ব্যবস্থা করে দিতে ব্যর্থ হন। পরবর্তীতে নরসিংদী জেলায় পুলিশ সুপার হিসাবে যোগদান করার পর জনাব রবিউল মুন্সী'র নিকট থেকে গত ০৯-১১-২০২৪ তারিখ তিনি এবং তার অধীনস্ত ডিবি ইনচার্জ পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) এস এম কামরুজ্জামান (বিপি-৮০০৬১০২২০৬) কর্তৃপক্ষের অনুমতি/ছুটি ব্যতীত ঢাকায় আগমন করে জনাব রবিউল মুন্সী'র মনিপুরী পাড়া, বিজয় সরণিস্থ অফিসে গিয়ে নগদ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা আদায় করেন। অবশিষ্ট ৪৫,০০,০০০/- (পঁয়তাল্লিশ লক্ষ) টাকা উদ্ধারের জন্য পুলিশ পরিদর্শক এস এম কামরুজ্জামান (বিপি-৮০০৬১০২২০৬) এর সমন্বয়ে স্বহস্তে একটি লিখিত ডকুমেন্ট তৈরি করে স্বাক্ষর নেন। পরবর্তীতে 'দৈনিক যুগান্তর' পত্রিকার সাংবাদিক নেছারুল হক খোকনের সাথে মোবাইলে কথোপকথনের সময় তার বদলি সংক্রান্ত এবং অধীনস্থ পুলিশ সদস্যকে ব্যবহারের বিষয়টি স্বীকার করেন। তিনি পুলিশ সুপার পদমর্যাদার একজন কর্মকর্তা হয়ে উক্ত সাংবাদিকের সাথে এরূপ নেতিবাচক বিষয়ে আলাপ করা, তার অধস্তন পুলিশ সদস্যকে ব্যক্তিগত কাজে ব্যবহার করা এবং উক্ত ঘটনা পত্রিকায় প্রকাশিত হওয়ায় জনসম্মুখে পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হওয়ার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে কারণ দর্শানো হয়। তদপ্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির অনুরোধ করলে গত ১৯-১১-২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০২। যেহেতু, শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, অনুসন্ধান প্রতিবেদন, উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রতীয়মান হয়েছে;

০৩। সেহেতু, জনাব মোঃ আব্দুল হান্নান (বিপি-৮১০৮১২১৫৯৬), উপপুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল ও সাবেক পুলিশ সুপার, নরসিংদী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য এবং উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়ায় তাকে 'তিরস্কার' দন্ড প্রদান করা হলো।

জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬/১১/২৫

নাসিমুল গনি
সিনিয়র সচিব

নম্বর-৪৪.০০.০০০০.০০০.০৫৭.২৭.০০৪৪.২৫- ৬৭৪

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩২ / ২৬ নভেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০২। সিনিয়র সচিব/সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ জনবিভাগ রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

০৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (বর্ণিত প্রজ্ঞাপনটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারির অনুরোধসহ)।

০৪। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

০৫। যুগ্মসচিব (শৃঙ্খলা/পুলিশ-১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার অবগতির জন্য)।

০৮। উপসচিব (পুলিশ-১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।

০৬। জনাব মোঃ আব্দুল হান্নান (বিপি-৮১০৮১২১৫৯৬), উপপুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল ও সাবেক পুলিশ সুপার, নরসিংদী।

১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

১১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশনার জন্য এবং প্রকাশিত গেজেটের কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো)।

১২। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩। অফিস কপি।